তারিখ 12 JUN 2017 পৃষ্ঠা ২০ কলাম ৫

প্রথম আলো

# বেসরকারি ১৬ বিশ্ববিদ্যালয়ে ভর্তিতে সতর্কতা

## ইউজিসির গণবিজ্ঞপ্তি

নিজস্ব প্রতিবেদক ●

১৬ বেসরকারি বিশ্ববিদ্যালয়ের নানা সমস্যা তুলে ধরে এসব প্রতিষ্ঠানে ভর্তির বিষয়ে শিক্ষার্থীদের সতর্ক করেছে বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশন (ইউজিসি)। এ বিষয়ে গতকাল রোববার ইউজিসির ওয়েবসাইটে গণবিজ্ঞপ্তি জারি করা হয়।

গণবিজ্ঞপ্তিতে বলা হয়, ইবাইস ইউনিভার্সিটিতে বোর্ড অব ট্রাস্টিজ নিয়ে দ্বন্দ্ব আছে। এ নিয়ে আদালতে একাধিক মামলা আছে। সরকার বন্ধ করলেও আদালতের স্থগিতাদেশ নিয়ে চলছে আমেরিকা বাংলাদেশ ইউনিভার্সিটি ও কুইন্স ইউনিভার্সিটি। কুইন্সের বোর্ড অব ট্রাস্টিজ নিয়ে মামলা চলছে।

অননুমোদিত ক্যাম্পাস চালাচ্ছে সাউদার্ন ইউনিভার্সিটি অব বাংলাদেশ ও ইউনিভার্সিটি অব সায়েন্স অ্যান্ড টেকনোলজি চিটাগাং। এর মধ্যে সাউদার্ন ইউনিভার্সিটি অব বাংলাদেশের ট্রাস্টি বোর্ড নিয়ে দ্বন্দ্ব আছে। বোর্ড অব ট্রাস্টিজ নিয়ে দ্বন্দ্ব ও আদালতে মামলা বিচারাধীন থাকা বিশ্ববিদ্যালয়ের মধ্যে ইবাইস ছাড়াও আছে সিলেট ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটি, ব্রিটানিয়া বিশ্ববিদ্যালয়, প্রিমিয়ার ইউনিভার্সিটি ও প্রাইম ইউনিভার্সিটি।

পাঁচটি বিশ্ববিদ্যালয় সম্প্রতি অনুমোদন পেলেও এগুলোকে শিক্ষা কার্যক্রম বা ভর্তির অনুমতি দেওয়া হয়নি। বিশ্ববিদ্যালয়গুলো হলো কুষ্টিয়ার রবীন্দ্র মৈত্রী বিশ্ববিদ্যালয়, সেন্ট্রাল ইউনিভার্সিটি অব সায়েন্স অ্যান্ড টেকনোলজি, ঢাকা; কেরানীগঞ্জের রবীন্দ্র সৃজনকলা বিশ্ববিদ্যালয়, নারায়ণগঞ্জের রূপায়ণ এ কে এম শামসুজ্জোহা বিশ্ববিদ্যালয়

এরপর পৃষ্ঠা ১৭ কলাম ৪

## ভর্তিতে সতর্কতা

শেষ পৃষ্ঠার পর

এবং আনোয়ার খান মডার্ন ইউনিভার্সিটি। এগুলোর শিক্ষা কার্যক্রম চালানোর অনুমতি দেওয়ার বিষয়টি প্রক্রিয়াধীন। এ ছাড়া দারুল ইহসান বিশ্ববিদ্যালয় সরকার বন্ধ ঘোষণা করেছে।

গণ বিশ্ববিদ্যালয়ের অননুমোদিত প্রোগ্রামে শিক্ষার্থী ভর্তি না হতে কমিশন থেকে গত ২৬ এপ্রিল পত্রিকায় বিজ্ঞপ্তি প্রকাশ করা হয়। এই বিজ্ঞপ্তির বিরুদ্ধে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ ইউজিসি ও শিক্ষা মন্ত্রণালয়কে বিবাদী করে রিট করলেও আদালত তা খারিজ করে দেন। পরে গণ বিশ্ববিদ্যালয় আবারও রিট করে।

ইউজিসির গণবিজ্ঞপ্তিতে বলা হয়, দেশে কোনো বিদেশি বিশ্ববিদ্যালয়ের শাখা, ক্যাম্পাস, স্টাডি সেন্টার স্থাপন ও পরিচালনার অনুমতি দেয়নি শিক্ষা মন্ত্রণালয় ও ইউজিসি। এ জন্য কোনো বিদেশি উচ্চশিক্ষা প্রতিষ্ঠানে ভর্তি হয়ে প্রতারণার শিকার না হতে শিক্ষার্থীদের সতর্ক করেছে ইউজিসি।

এ বিষয়ে ইউজিসির বেসরকারি বিশ্ববিদ্যালয়ের পরিচালক মোহাম্মদ শামসুল আলম *প্রথম আলো*কে বলেন, 'আমরা শিক্ষার্থীদের সতর্কতার জন্য এই গণবিজ্ঞপ্তি দিয়েছি। ভর্তি হওয়ার আগে যেন শিক্ষার্থী ও তাঁদের অভিভাবকেরা এই বিজ্ঞপ্তি দেখে নেন।'

ব্যানবেইস
পরিচালকের কার্যালয়
প্রাপ্তি নং.................
তারিখ.................
চীফ, পরিসংখ্যান বিভাগ
চীফ, ডি.এল.পি বিভাগ
সিস্টেম এনালিষ্ট
সিস্টেম ম্যানেজার
প্রশাসনিক কর্মকর্তা
পি.এ.
কার্যার্থে/জ্ঞাতার্থে
স্বাক্ষর